



বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ৪৬ নং ধারা মোতাবেক প্রণীত

বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট এর অধীনে পরিচালিত এমফিল লিডিং টু পিএইচডি রেগুলেশন-২০২১

একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত এম ফিল কোর্স ওয়ার্ক এবং এমফিল/পিএইচডি গবেষণা কর্ম সফলতার সাথে সম্পন্ন করার স্বীকৃতি স্বরূপ বিশ্ববিদ্যালয় এমফিল ও পিএইচডি ডিগ্রি প্রদান করবে। বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাত্ত গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে পরিচালিত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট-এর অধীনে এমফিল ও পিএইচডি প্রোগ্রাম পরিচালিত হবে। এমফিল ডিগ্রির জন্য অধ্যয়নকাল হবে দুই বছর এবং পিএইচডি ডিগ্রির জন্য হবে তিন বছর। এমফিল/পিএইচডি গবেষণা কার্যক্রমে ভর্তি, কোর্সওয়ার্ক, থিসিস ওয়ার্ক, থিসিস জমা দান এবং পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

১. এমফিল লিডিং টু পিএইচডি কোর্সে ভর্তির শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী

আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫ অথবা সনাতন পদ্ধতিতে ৪৫% নম্বর পেতে হবে। এছাড়াও প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় আলাদাভাবে সিজিপিএ ২.৭৫ অথবা সনাতন পদ্ধতিতে ৫৫% নম্বর পেতে হবে।

এসএসসি/এইচএসসি বা সমমান	অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি বা বিভাগ
	৫.০০ স্কেল	৪.০০ স্কেলে	
জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	জিপিএ ৩.৭৫ বা তদুর্ধ্ব	প্রথম
জিপিএ ২.০০ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	জিপিএ ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	জিপিএ ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয়
জিপিএ ১.০০ বা তদুর্ধ্ব কিন্তু ২.০০ এর কম	জিপিএ ১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	জিপিএ ২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয়

খ. ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে ভর্তির আবেদনের শেষ তারিখে বয়স অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। অন্যান্যদের ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

২. এমফিল কোর্সে ভর্তির নিয়মাবলী

ক. এমফিল প্রোগ্রামে শিক্ষাবর্ষ হবে জুলাই থেকে জুন পর্যন্ত।

খ. আবেদনকারী এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য নির্ধারিত ফর্মে আবেদন করবেন।

গ. আবেদনের সাথে পূর্ণাঙ্গ গবেষণার প্রস্তাব জমা দিতে হবে।

ঘ. ভর্তির আবেদনসমূহ প্রো-ভাইস চ্যান্সেলর/ডিন স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের পরিচালক এবং ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের একাডেমিক কমিটির সদস্য সমন্বয়ে গঠিত কমিটির নিকট উপস্থাপন করা হবে। কমিটি লিখিত, মৌখিক পরীক্ষা ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে একটি মেধা তালিকা প্রণয়ন করে ভাইস-চ্যান্সেলরের অনুমোদনের জন্য পেশ করবে। ভাইস-চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত হওয়ার পর ভর্তির কার্যক্রম

সম্পন্ন করার জন্য মেধা তালিকাটি ইনস্টিটিউটে প্রেরণ করা হবে। ইনস্টিটিউটের একাডেমিক কমিটি এবং বোর্ড অব গভর্নর্স-এ অনুমোদনের পর ভর্তির কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বিষয়টি একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করা হবে।

৬. ভর্তির জন্য মনোনীত আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩. গবেষণার শিরোনাম নির্ধারণ ও গবেষণার প্রস্তাব জমাদান

ভর্তির ৬ মাসের মধ্যে গবেষক তার সুপারভাইজার-এর সুপারিশসহ চূড়ান্ত গবেষণা প্রস্তাব পরিচালক, বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট-এর নিকট পেশ করবেন। পরিচালক উক্ত গবেষণা প্রস্তাবনার ওপর একটি সেমিনার-এর আয়োজন করবেন। সেমিনারে গবেষণা সুপারভাইজারসহ, একজন বিষয় বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত থাকবেন।

৪. রেজিস্ট্রেশনের মেয়াদ

এমফিল কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ২ বছর। তবে, নির্ধারিত ফি প্রদান এবং একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বোচ্চ আরও ২ বছর পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।

৫. ছুটি

ফেলোশিপসহ গবেষকদের ক্ষেত্রে ছুটি আবশ্যিক।

৬. দ্বিতীয় বর্ষে ভর্তি

এমফিল কোর্সওয়ার্ক পরীক্ষায় উত্তীর্ণ গবেষকগণ নির্ধারিত ফিস প্রদান করে দ্বিতীয় বর্ষে ভর্তি হবেন।

৭. তৃতীয় কোর্স ও পরীক্ষা

ক. একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত সিলেবাস অনুযায়ী কোর্সওয়ার্ক পরিচালিত হবে। এমফিল প্রোগ্রামে সর্বমোট ৫০০ নম্বরের (২০ ক্রেডিট) কোর্সওয়ার্কের মধ্যে ৪০০ নম্বরের (৪×৪=১৬ ক্রেডিট) তৃতীয় কোর্স থাকবে। প্রতিটি ১০০ নম্বরের (৪ ক্রেডিট) করে ৪টি তৃতীয় কোর্স এবং ৫০ নম্বরের comprehensive (২ ক্রেডিট) এবং ৫০ নম্বরের (২ ক্রেডিট) মৌখিক পরীক্ষা প্রথম বর্ষে সম্পন্ন করতে হবে। ৪টি তৃতীয় কোর্সের ৩টি আবশ্যিক এবং অপর একটি বিষয় অনুমোদিত তালিকা থেকে বাছাই করতে হবে। প্রতি ক্লাস ১.৩০ ঘন্টা হিসেবে ১০০ নম্বরের তৃতীয় কোর্সের জন্য ন্যূনতম ৩০ টি ক্লাসে অংশগ্রহণ আবশ্যিক।

যে সকল গবেষক পিএইচডি কোর্সে স্থানান্তরের সুযোগ প্রাপ্ত হবে তাদেরকে অতিরিক্ত ১০ ক্রেডিটের কোর্সওয়ার্ক সম্পন্ন করতে হবে। যার মধ্যে এডভান্স রিসার্চ মেথোডস কোর্সটি (২ ক্রেডিট) সকলের জন্য আবশ্যিক। আবশ্যিক ২টি কোর্স (৮ ক্রেডিট) অনুমোদিত তালিকা থেকে বাছাই করতে হবে।

এমফিল/ পিএইচডি কোর্সওয়ার্কে পাঠদানের পদ্ধতি হবে: তৃতীয় ক্লাস, এসাইনমেন্ট, ক্লাস টেস্ট, ফিল্ডওয়ার্ক, গ্রুপ ডিসকাশন, সেমিনার এর মাধ্যমে।

খ. প্রতিটি তৃতীয় কোর্সে ১০০ নম্বরের (৪ ক্রেডিট) পরীক্ষার জন্য ৪ ঘন্টা এবং ৫০ নম্বরের (২ ক্রেডিট) পরীক্ষার জন্য ৩.০০ ঘন্টা সময় নির্ধারিত থাকবে। তৃতীয় ও মৌখিক পরীক্ষায় পাশ নম্বর ৬০% বা CGPA ৩.০০। প্রার্থীকে তৃতীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে পাশ করতে হবে। তৃতীয় অথবা মৌখিক পরীক্ষায় প্রার্থী অকৃতকার্য হলে তিনি অকৃতকার্য বিষয়ে পরবর্তী শিক্ষাবর্ষের সাথে সম্পূরক (Supplementary) পরীক্ষা হিসেবে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ ধরনের বাড়তি সুযোগ প্রার্থী শুধুমাত্র একবার পাবেন।

গ. কোর্সওয়ার্ক পরীক্ষা পরিচালনার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট পরীক্ষা কমিটি গঠন করা হবে। যার মধ্যে ২ জন থাকবেন ইনস্টিটিউট হতে এবং একজন থাকবেন বিশ্ববিদ্যালয় অথবা সমমর্যদার অন্য কোন প্রতিষ্ঠান হতে। তবে অভ্যন্তরীণ শিক্ষকদের মাঝে কমিটির সদস্য হওয়ার যোগ্যতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পাওয়া না গেলে বিশ্ববিদ্যালয় অথবা সমমর্যদার অন্য কোন প্রতিষ্ঠানের ন্যূনপক্ষে সহকারী অধ্যাপকদের মধ্য থেকে এক বা একাধিক সদস্য মনোনয়ন

দেয়া যাবে। উল্লেখ্য যে, অভ্যন্তরীণ শিক্ষকদের মধ্য থেকে কমিটির সভাপতি মনোনয়ন দেয়া হবে। এ সকল মনোনয়নে একাডেমিক কাউন্সিলের অনুমোদন লাগবে।

- ঘ. প্রতি কোর্সের জন্য কোর্স-শিক্ষকসহ দুইজন প্রশ্ন প্রণয়নকারী/পরীক্ষক থাকবেন। পরীক্ষা কমিটি প্রশ্ন মডারেট এবং ফলাফল টেবুলেশন করবেন। পরীক্ষা কমিটি, চেয়ারম্যানসহ মোট ০২ (দুই) জন টেবুলেটর নিয়োগ করবেন। তবে ফলাফল টেবুলেশন-এর ক্ষেত্রে কমিটির এক/একাধিক সদস্য অপারগতা প্রকাশ করলে ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে সভাপতি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করবেন।

ইন-কোর্স

প্রতিটি কোর্সে ২০% ইন-কোর্স (অভ্যন্তরীণ মূল্যায়ন) থাকবে। ক্লাসে উপস্থিতি ও অংশগ্রহণ, কুইজ, টার্ম পেপার/হোমওয়ার্ক/ব্যবহারিক এর মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে।

৮. প্রতিটি তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পাশ নম্বর হবে ৬০%/(B) গ্রেড। যে কোন কোর্সে ৬০% এর কম প্রাপ্ত হলে উক্ত কোর্সে অকৃতকার্য বলে গণ্য করা হবে।

পিএইচডি প্রোগ্রামে স্থানান্তর

এম ফিল প্রোগ্রামে প্রথম বর্ষে তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে ৭০% নম্বর (CGPA ৩.৫০), গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজার-এর সুপারিশ এবং এমফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে ১ টি গবেষণামূলক প্রকাশনা থাকলে, গবেষক পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন। গঠিত স্থানান্তর কমিটির সুপারিশের আলোকে বোর্ড অব গভর্নর্স এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৯. সুপারভাইজার (তত্ত্বাবধায়ক) সংক্রান্ত নিয়মাবলী

- ক. সুপারভাইজার/কো-সুপারভাইজার মনোনীত হবেন ইনস্টিটিউটের অধ্যাপক/সহযোগী অধ্যাপকদের মধ্য থেকে। তবে পিএইচডি ডিগ্রিধারী সহকারী অধ্যাপকগণও সুপারভাইজার হতে পারবেন। বিশেষ ক্ষেত্রে ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান থেকে অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সমমানের শিক্ষক/রিসোর্স পারসনদের মধ্য থেকে সুপারভাইজার/কো-সুপারভাইজার নিয়োগ করা যাবে।
- খ. ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর অথবা ট্রেজারার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হলে তাঁরা সুপারভাইজার হতে পারবেন।
- গ. একজন সুপারভাইজার দেশের মধ্যে লিয়েনে/ডেপুটেশনে থাকলে তিনি সুপারভাইজার হিসেবে বহাল থাকতে পারবেন।
- ঘ. কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অথবা স্বৈচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত প্রফেসর যদি শারীরিকভাবে সক্ষম থাকেন তবে তিনি সুপারভাইজার হতে পারবেন।
- ঙ. একজন সুপারভাইজার শিক্ষা ছুটিতে অথবা স্যাবাটিকাল ছুটিতে ছয় মাসের অধিক সময় থাকলে তিনি সুপারভাইজার থাকবেন না। তবে তিনি কো-সুপারভাইজার হিসেবে থাকতে পারবেন। এক্ষেত্রে একজন কো-সুপারভাইজার থাকলে তিনি যথাযথ পদ্ধতিতে সুপারভাইজার নিযুক্ত হবেন।
- চ. একজন সুপারভাইজার কোন নির্দিষ্ট শিক্ষাবর্ষে সর্বোচ্চ ০৩ (তিন) জন গবেষকের গবেষণা তত্ত্বাবধান করতে পারবেন। তবে কোন ক্ষেত্রেই অভ্যন্তরীণ শিক্ষকগণ বিভিন্ন শিক্ষাবর্ষের সর্বমোট ১০ (দশ) জনের বেশি গবেষকের গবেষণা তত্ত্বাবধান করতে পারবেন না।

১০. সুপারভাইজার (তত্ত্বাবধায়ক) পরিবর্তন

কোন গবেষক তার সুপারভাইজার পরিবর্তন করতে চাইলে, নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে পূর্বের সুপারভাইজার ও প্রস্তাবিত সুপারভাইজারের সম্মতি থাকা আবশ্যিক। তবে সুপারভাইজারের অবর্তমানে একাডেমিক কমিটি ও বোর্ড অব গভর্নর্স-এর সুপারিশক্রমে এবং একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে নতুন সুপারভাইজার নিয়োগ করা যাবে।

১১. গবেষণার অগ্রগতির উপর রিপোর্ট

কোর্সওয়ার্ক (লিখিত ও মৌখিক) পরীক্ষার ফল প্রকাশের পর গবেষক প্রতি ০৩ (তিন) মাস অন্তর সুপারভাইজার -এর সুপারিশসহ গবেষণার বিস্তারিত অগ্রগতির রিপোর্ট ইন্সটিটিউটের পরিচালকের নিকট পেশ করবেন।

১২. থিসিসের উপর সেমিনার উপস্থাপন

থিসিস লেখার শেষ পর্যায়ে গবেষককে একাডেমিক কমিটি এবং বিষয়টির প্রতি আগ্রহী আমন্ত্রিত ব্যক্তিবর্গের সামনে এমফিল এর ক্ষেত্রে একটি এবং পিএইচডি এর ক্ষেত্রে দুটি সেমিনারে তার থিসিসের বিষয়বস্তু উপস্থাপন করতে হবে। সেমিনারে সুপারভাইজার/কো-সুপারভাইজার এবং ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত একজন বিষয় বিশেষজ্ঞ উপস্থিত থাকবেন।

১৩. থিসিস জমাদান

ক. থিসিস লেখার মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজি।

খ. গবেষক সুপারভাইজারের সুপারিশসহ ইন্সটিটিউটের পরিচালক এর নিকট তাঁর থিসিস এর কপি সমূহ জমা দিবেন।

গ. মোট ৫ (পাঁচ) কপি থিসিস জমা দিতে হবে। প্রতিটি থিসিস কম্পিউটারে প্রিন্ট/প্রিন্টের ফটোকপি হতে হবে এবং সেলাইকৃত ও হার্ড কাভারে বাঁধাই হতে হবে।

ঘ. গবেষক-এর উক্ত গবেষণা-কর্ম অথবা তার অংশবিশেষ কোন বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানে ইতোমধ্যে কোন ডিগ্রীর জন্য অনুমোদিত অথবা প্রকাশিত হয়ে থাকলে তা থিসিস হিসেবে গৃহীত হবে না।

ঙ. গবেষক নির্ধারিত সময়ের মধ্যে থিসিস জমা দিতে অপারগ হলে, একাডেমিক কমিটি এবং বোর্ড অব এডভান্সড স্টাডিজ-এ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে সময় উত্তীর্ণ হওয়ার পূর্বেই সুপারভাইজারের সুপারিশসহ ইন্সটিটিউটের পরিচালকের নিকট আবেদন করবেন। একাডেমিক কমিটির সুপারিশের ভিত্তিতে একাডেমিক কাউন্সিল থিসিস জমা দেয়ার জন্য অতিরিক্ত সময়সীমা অনুমোদন করতে পারবেন। তবে তাকে পুনরায় ভর্তি হতে হবে এবং এক্ষেত্রে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে।

চ. থিসিস জমা দেয়ার ক্ষেত্রে লাইব্রেরীসহ সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ থেকে গবেষকগণকে ছাড়পত্র নিতে হবে।

১৪. থিসিস মূল্যায়ন

ক. থিসিস মূল্যায়নের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি পরীক্ষক বোর্ড গঠিত হবে। সুপারভাইজার বোর্ডের অন্যতম সদস্য হবেন। অপর দু'জন সদস্য মনোনীত হবেন যে কোন বিশ্ববিদ্যালয় / গবেষণা প্রতিষ্ঠান থেকে। সুপারভাইজারের সুপারিশের ভিত্তিতে ইন্সটিটিউটের পরিচালক কর্তৃক উপস্থাপিত ৬ জনের একটি পরীক্ষক প্যানেল থেকে ইন্সটিটিউটের একাডেমিক কমিটি ও একাডেমিক কাউন্সিল পরীক্ষক ও পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান নিয়োগদান করবেন।

খ. ইন্সটিটিউটের পরিচালক জমাকৃত থিসিস পরীক্ষণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের মাধ্যমে সংশ্লিষ্ট পরীক্ষকদের কাছে পাঠাবেন।

গ. থিসিসেস জন্য ডিগ্রী দেয়া যেতে পারে মর্মে সকল পরীক্ষক তাদের রিপোর্ট ইন্সটিটিউটের পরিচালকের নিকট পাঠালে তিনি মৌখিক পরীক্ষা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ইন্সটিটিউটের প্রস্তাবমত পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষক বোর্ডের চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান নির্ধারণ করবেন।

ঘ. গবেষক পরীক্ষার জন্য যে থিসিস জমা দিয়েছেন তাকে মৌখিক পরীক্ষার সময় একই পৃষ্ঠা সম্বলিত ছবু কপি সাথে আনতে হবে।

ঙ. কোন পরীক্ষক থিসিসটি সন্তোষজনক নয় এ মর্মে রিপোর্ট প্রদান করলে পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষক বোর্ডের চেয়ারম্যানকে বিষয়টি অবগত করবেন। সেক্ষেত্রে পরীক্ষক বোর্ড সভা করে পরীক্ষার্থীকে অকৃতকার্য ঘোষণা করতে পারে অথবা গবেষক কর্তৃক থিসিসটির প্রয়োজনীয় পরিবর্তন করে পুনরায় জমা দেয়ার জন্য একাডেমিক কাউন্সিলের কাছে সুপারিশ করতে পারে। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত প্রদানের দিন হতে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে পরীক্ষার্থীকে সংশোধিত থিসিস জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে।

চ. মৌখিক পরীক্ষা সন্তোষজনক হয়েছে মর্মে পরীক্ষকদের রিপোর্ট একাডেমিক কাউন্সিলে গেলে একাডেমিক কাউন্সিল সিডিকেটের নিকট গবেষককে ডিগ্রী প্রদানের জন্য সুপারিশ করবে।

- ছ. মৌখিক পরীক্ষায় একজন প্রার্থী অকৃতকার্য হলে পরীক্ষক বোর্ড প্রথম মৌখিক পরীক্ষার সর্বোচ্চ ৬ মাসের মধ্যে পুনরায় মৌখিক পরীক্ষার সুযোগ দানের জন্য একাডেমিক কাউন্সিলের নিকট সুপারিশ করতে পারবে। এ ধরনের সুপারিশ শুধুমাত্র একবার করা যাবে।
- জ. এমফিল/পিএইচডি থিসিস একাডেমিক কাউন্সিল কর্তৃক চূড়ান্তভাবে গৃহীত হওয়ার পর গবেষক পরীক্ষক বোর্ড এর সুপারিশ অনুযায়ী সংশোধন ও পরিবর্তন করে ২ কপি থিসিস সফট কপিসহ ইনস্টিটিউটের পরিচালক এর নিকট জমা দিবেন। এক কপি থাকবে ইনস্টিটিউটের লাইব্রেরীতে অপরটি থাকবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে।
- ঝ. গবেষক এমফিল/পিএইচডি থিসিসটি গ্রন্থ আকারে প্রকাশ করতে চাইলে তাঁকে IBLBS অনুমতি গ্রহণ করতে হবে। মানসম্মত থিসিস বিশ্ববিদ্যালয় কর্তৃক গ্রন্থাকারে প্রকাশ করা হবে। তবে এ ক্ষেত্রে ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত ২ সদস্য বিশিষ্ট বিশেষজ্ঞ কমিটির সুপারিশ থাকতে হবে। তবে গবেষক ব্যক্তিগতভাবে গ্রন্থাকারে প্রকাশ করতে আগ্রহী হলে তাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমতি নিতে হবে।

List of Courses

MPhil Programme

Course Code	Course Title	Credits
	Research Methodology	4
	History of the Emergence of Bangladesh	4
	Bangabandhu: Thoughts and Ideas	4
Elective Courses (Any one of the following)		
	Innovation, Creativity and Entrepreneurship	4
	Information and Communication Technology	4
	Environmental Science	4
	Comprehensive	2
	Viva	2
	Total	20

PhD students will be required to undertake three additional courses including an Advanced Research Methods course (total 10 credits).

Course Code	Course Title	Credits
	Advanced Research Methods (Compulsory)	2
Any two of the following		
	Resistance Movement in Bengal upto the liberation war of Bangladesh (Selected topics)	4
	South Asian Studies (Selected topics)	4
	Gender Studies	4
	Science, Technology and Development	4